



শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস)
১ জহির রায়হান সড়ক (পলাশী-নীলক্ষেত), ঢাকা-১২০৫।

www.banbeis.gov.bd



স্মারক নং- ৩৭.২০.০০০০.০০১.১৮.০১৪.১৩(পাট-২) ৪৭৬৪ ক

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৮
১২ ডিসেম্বর ২০২১

বিষয়: ব্যানবেইস-এর আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় UITRCE সমূহ কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদনের ওপর ফিডব্যাক সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব হাবিবুর রহমান
মহাপরিচালক, ব্যানবেইস
সভার স্থান : অনলাইন জুম প্ল্যাটফর্ম
সভার তারিখ : ০৫/১২/২০২১
সভার উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে নৈতিকতা কমিটির সদস্য সচিব জনাব নূর মোহাম্মদ মাঠ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের কার্যসম্পাদন সূচকসমূহ তুলে ধরেন এবং জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে উক্ত সূচকসমূহের বিপরীতে গৃহিতব্য কার্যক্রম নিয়ে আলোচনা করেন।

২। ব্যানবেইস এর সহকারী পরিচালক জনাব হাবিবুর রহমান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরের আলোকে মাঠ পর্যায়ে করণীয় বিষয়ে বিশদ আলোচনা করেন। তিনি বলেন, ইউআইটিআরসিই সমূহ থেকে কর্মপরিকল্পনা বাস্তবায়নের ত্রৈমাসিক প্রতিবেদন নিয়মিত পাওয়া যাচ্ছে না, ফলে কর্মপরিকল্পনা মাঠ পর্যায়ে অগ্রগতি মূল্যায়ন বাধাগ্রস্ত হচ্ছে।

৩। ব্যানবেইস এর পরিচালক জনাব মো: কায়সার রহমান জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনায় মাঠ পর্যায়ের অফিসসমূহে সফলতা অনুযায়ী নির্ধারণের উপর গুরুত্বরোপ করেন।


৪। সভাপতি জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরের বাস্তবায়নে UITRCE-এর কর্মকর্তাগণকে আরো উদ্যোগী হওয়ার নির্দেশনা প্রদান করেন এবং কর্মপরিকল্পনা সময় ভিত্তিক সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করার তাগিদ প্রদান করেন। তিনি বলেন, মন্ত্রিপরিষদ বিভাগের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা প্রণয়ন, বাস্তবায়ন ও মূল্যায়ন নির্দেশিকা ২০২১-২২ অনুযায়ী নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনে সংশ্লিষ্ট সকলকে সচেতন থাকতে হবে।

৫। সভায় আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক) ইউআইটিআরসিইসমূহ নির্ধারিত সময়ের মধ্যে আবশ্যিকভাবে জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদন ব্যানবেইস-এ দাখিল করতে হবে; এবং

খ) বার্ষিক কর্মপরিকল্পনায় বর্ণিত সময়সীমার মধ্যে সকল কার্যক্রম আবশ্যিকভাবে সম্পন্ন করতে হবে।

৬। সভায় আর কোন আলোচনা না থাকার সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


(হাবিবুর রহমান)

মহাপরিচালক

৯৬৬৫৪৫৭

ই-মেইল: dg@banbeis.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সকল কর্মকর্তা, ব্যানবেইস।

৩। অফিস কপি।